

## নির্ধারিত সময়সূচীর একদিন আগেই নেয়া হলো আলিম পরীক্ষা!

স্টাফ রিপোর্টার ॥ আজ বুধবার, অনুষ্ঠিতব্য আলিম পরীক্ষা গতকাল মঙ্গলবার নেবার ফলে দু'দিনের পরীক্ষাই বাতিল করেছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। পাবলিক পরীক্ষা নিয়ে এই চরম গাফিলতির ঘটনা ঘটেছে চাপাইনবাবগঞ্জের শিবগঞ্জ মহিলা কলেজ কেন্দ্রে। এই তুলনিকার করে নতুন প্রস্তুপত্রে পরীক্ষা নেবার কথা বলেছে বোর্ড কর্তৃপক্ষ। কেবল একটি কেন্দ্রে অগ্রিম পরীক্ষা নেয়ার গোটা পরীক্ষাই বাতিল করতে হয়েছে। আজ বুধবারের আলিম পরীক্ষা গতকাল মঙ্গলবার নেবার ফলে মোট ছয়টি বিষয়ের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

(৭-পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## নির্ধারিত সময়সূচীর (৮-এর পরের পর)

বিষয়গুলো হচ্ছে রসায়ন বিজ্ঞান, অর্থনীতি, পেরিনীতি, ইংরেজী, উর্দু ও ফার্সি। প্রতিটি বিষয়ের দ্বিতীয়পত্রের পরীক্ষা বাতিল করা হয়েছে। নতুন তারিখ পরে জানানো হবে।

এদিকে রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয় থেকে বলা হয়েছে, উক্ত ঘটনার ব্যাপারে অতিরিক্ত বিভাগীয় কমিশনার একেএম রফিকুর ইসলামের নেতৃত্বে এক সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ঘটনার ব্যাপারে দায়দায়িত্ব নিরূপণ করে এক সপ্তাহের মধ্যে রিপোর্ট দেয়ার জন্য বলা হয়েছে।